

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.২৩

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন “শ্যামনগর মহসীন কলেজ” টি জাতীয়করণের নিমিত্তে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অন্যায়, অবৈধ এবং বে-আইনীভাবে প্রভাষক (ইতিহাস) হিসাবে মো: রায়হান সিদ্দিকী এর নাম বাদ দেওয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ নাম অর্ন্তভুক্তিকরণ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলাধীন “শ্যামনগর মহসীন কলেজ” টি জাতীয়করণের নিমিত্তে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অন্যায়, অবৈধ এবং বে-আইনীভাবে প্রভাষক (ইতিহাস) হিসাবে মো: রায়হান সিদ্দিকী এর নাম বাদ দেওয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণসহ নাম অর্ন্তভুক্তিকরণ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর গত ০৪.১২.২০১৯ তারিখে আবেদন করা হয়। উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৪৪৩৫/২০১৯ মামলা দায়ের করা হয়।

রিট পিটিশন নং-১৪৪৩৫/২০১৯ মামলায় গত ১৮ ডিসেম্বর ২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ “The Respondent no. 1, the Secretary, Secondary and Higher Education Division, Ministry of Education, Secretariat Building, Ramna, Dhaka, is directed to dispose of the representation/application dated 04.12.2019 (annexure-B) to the writ petition, submitted before him by the petitioner within a period of 30 (thirty) days from the date of receipt of this order, in accordance with law and communicate the decision to the petitioner.” আদেশ প্রদান করেন।

রিট পিটিশন নং- ১৪৪৩৫/২০১৯ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৪৮৯/২০২০ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায়, যেহেতু কনটেম্পট পিটিশন নং-৪৮৯/২০২০ (রিট পিটিশন নং-১৪৪৩৫/২০১৯ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে কনটেম্পট পিটিশন নং-৪৮৯/২০২০ (রিট পিটিশন নং-১৪৪৩৫/২০১৯ হতে উদ্ভূত) মামলাটি

পরিচালনারসহ মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৬-২-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

জনাব শেখ রিয়াজুল হক বিজ্ঞ আইনজীবী, বাংলাদেশ  
সুপ্রীমকোর্ট, ৩, সেগুনবাগিচা, সাজান টাওয়ার-২,  
ফ্লাট-৩/সি, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২০.২৩/১(৫)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-২-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব